২৭/৫/২০০১

তারিখ ........

পৃষ্ঠা ১২ কলাম ৩

যুগান্তর

# টানা হরতালে ও লেভেল এ লেভেলের ছাত্রছাত্রীরা সেশন হারাবে

আগামীতে যদি টানা হরতাল হতে থাকে, তাহলে ব্রিটিশ কাউন্সিলের অধীনে যারা ও লেভেল এবং এ লেভেল পরীক্ষায় অংশ নেবে, তারা একটি সেশন হারাবে। তাদের ক্রেডিট পরবর্তী সেশনে স্থানান্তর করতে হবে অথবা তারা পুরো টাকা ফেরত পাবে। বিষয়টি জানিয়ে সম্প্রতি ব্রিটিশ কাউন্সিল থেকে ছাত্রছাত্রীদের টিচিং সেন্টার ম্যানেজার এবং কান্ট্রি এক্সাম ম্যানেজার রিচার্ড লুন্ট স্বাক্ষরিত একটি নোটিশ দেয়া হয়েছে। এছাড়াও আরও কিছু সিদ্ধান্ত জানানো হয়েছে। যা হল :

(১) যদি হরতাল দুপুর বেলা ১২টায় (অর্ধ দিবস) শেষ হয়,তাহলে সেদিনে বিকেলে সেশন যথাসময়ে চলবে এবং সেদিনের সকালে সেশন শুরু হবে সন্ধ্যা ৬টায়।

(২) যদি হরতাল বেলা ২টায় শেষ হয়, তাহলে সেদিনের সকালের সেশন শুরু হবে বেলা ৩টায় এবং বিকেলের সেশন শুরু হবে সন্ধ্যা ৭.৩০ মিনিটে।

(৩) যদি হরতাল সন্ধ্যা ৬টায় শেষ হয়, তাহলে সেদিনের সকালে সেশন শুরু হবে সন্ধ্যা ৭.৩০ মিনিটে এবং বিকেলের সেশন শুরু হবে ১০.৩০ মিনিটে।

(৪) যদি হরতাল অনবরত চলতে থাকে। অর্থাৎ মধ্যরাত বা ১২টার পরও বলবৎ থাকে তাহলে সেদিনের পরীক্ষাসমূহ বাতিল হয়ে যাবে। আর পরিক্ষার্থীদের পূরো অর্থ ফেরত অথবা তাদের ক্রেডিট পরবর্তী (জানুয়ারি সেশনে) বিনা খরচে স্থানান্তরিত করা হবে, তাদের পছন্দানুযায়ী।

(৫) সকল পরীক্ষা যথাযথ নির্ধারিত স্থানে/ভেনুতে (প্রবেশপত্র অনুযায়ী) অনুষ্ঠিত হবে এবং তা যথাযথ সময়ে বা পরিবর্তিত সময়ের বেলায়ও প্রযোজ্য থাকবে।

ব্রিটিশ কাউন্সিলের এক্সামিনেশন, সার্ভিসেস ম্যানেজার সাইদুর রহমান যুগান্তরকে জানিয়েছেন, তারা অনেক ভেবেচিন্তে এই সিদ্ধান্ত নিয়েছেন। বিশ্বের প্রায় ৬শ'র মত সেন্টারে একই দিনে একই সময়ে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। সে কারণে তারা এ সিদ্ধান্ত নিয়েছেন। এতে ছাত্র অথবা অভিভাবকদের মধ্যে কোন বিরূপ প্রতিক্রিয়া হয়েছে কিনা- জানতে চাইলে তিনি বলেন, কয়েকজন আপত্তি জানালেও পরে সবাই বিষয়টি মেনে নিয়েছেন।